# নিনমাস এবং ইনমাসসমূহের মাসিক আয় ব্যবস্থাপনা পদ্ধতি

মোঃ শাহ আলম

মানব সম্পদ বিভাগ, বাপশক, ঢাকা

প্রকাশকাল:  ৬ মে, ২০২১  খ্রি.

# বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (বাপশক) এর নিনমাস এবং ইমাসসমূহের মাসিক আয় ব্যবস্থাপনা পদ্ধতি

(Monthly income management system of NINMAS and INMAS)

## ভুমিকা:


বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের অধীনস্ত নিনমাস, শাহবাগ, ঢাকাসহ দেশের বিভিন্ন জেলা/শহরে অবস্থিত ইনমাসমূহ হতে চিকিৎসা সেবার বিপরীতে প্রাপ্ত আয়ের বিভিন্ন হিসাব/তথ্য প্রধান কার্যালয়ের জীববিজ্ঞান বিভাগে সহজ, নিরাপদ এবং সুবিন্যাস্তভাবে সংরক্ষণ করার লক্ষ্যে এই ডাটাবেস (Monthly income management system of NINMAS and INMAS) প্রস্তুত করা হয়েছে। মাসিক আয় সম্পর্কিত বিদ্যমান সেবাকে সহজিকরণেই এই পদ্ধতির মূল উদ্দেশ্য। এটি একটি Offline ডাটাবেস। তবে প্রয়োজনের তাগিদে ভবিষ্যতে Online-এর মাধ্যমে ব্যবহারের উপযোগী করা হবে ইনশাআল্লাহ।

## সংক্ষিপ্ত বিবরণ (System Overview):

সহজ ব্যবহারের উপযোগী করার লক্ষ্যে মূলত মাইক্রোসফট অফিস (MS Office)-এর এমএস এ্যাক্সেস (MS Access) এ্যাপ্লিকেশন দ্বারা *Monthly income management system of NINMAS and INMAS* ডাটাবেসটির ডিজাইন করা হয়েছে। এই ডাটাবেসটি ব্যবহারের জন্য ব্যবহারকারীকে অতিরিক্ত কোনো সফট্ওয়্যার ইনস্টল বা সংযোজন করার প্রয়োজন হবেনা। মাইক্রোসফট অফিস এর ২০১০, ২০১৩, ২০১৬ এবং ২০১৯ ভার্সনের সকল এ্যাপ্লিকেশন এই ডাটাবেসটিকে সাপোর্ট করবে। ব্যবহারের দিক থেকে খুব সহজভাবে ডাটাবেসটি সাজানো হয়েছে। বিশেষ কোনো প্রশিক্ষণ ছাড়াই যে কোনো ব্যবহারকারী এটি ব্যবহার করতে পারবেন ।

***** নিনমাস অর্থ    ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস

***** ইনমাস অর্থ    ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস




[ Image-1 ]


1. **<u>User Name</u>:** ডাটাবেসটি ব্যবহারের উদ্দ্যেশ্যে ব্যবহারকারী তার নির্দিষ্ট নাম সিলেক্ট করবেন ।

2. **Passwor:** এই ঘরে বা ফিল্ডটিতে ব্যবহারকারী তার পাসওয়ার্ড বা গোপন নম্বর টাইপ করবেন।

3. **Enter:** নাম এবং সঠিক পাসওয়ার্ড বসানোর পর ডাটাবেসটি লগইন করার জন্য Enter বাটনে চাপ দিতে হবে।

4. **Exit:** ডাটাবেসটি ব্যবহার করতে না চাইলে অথবা সরাসরি বন্ধ করার প্রয়োজন হলে এই বাটনটির মাধ্যমে তা সম্পন্ন করা যাবে। তবে উপরের ডান দিকে " **X** " চিহ্নিত ক্লোজ বাটনের মাধ্যমেও এই কাজ সম্পন্ন করা যাবে। [ Image-1 ]


যদি কোনো কারণে ব্যবহরকারী তার নির্ধারিত পাসওয়ার্ড দিতে ভুল করে সেক্ষেত্রে নিম্নের বার্তাটি প্রদর্শিত হবে। অর্থাৎ ডাটাবেসটি ব্যবহার করা সম্ভব হবেনা। এক্ষেত্রে অবশ্যেই নাম এবং সঠিক পাসওয়ার্ড দিয়ে পুণরায় চেষ্টা করতে হবে। [ Image-2 ]




[ Image - 2 ]

## সূচী [ Index Wizard ]:

লগইন সঠিক হলে আমরা ডাটাবেসটির সূচী দেখতে পারবো। এখানে প্রধানত দু'টি অংশ রয়েছে। যার একটি হলো (i) Data insert অপরটি (ii) Report wizard [ Image - 3 ]




[ Image - 3 ]


**5. Data Insert:** নিনমাস এবং বিভিন্ন ইনমাস থেকে প্রেরিত মাসিক আয়ের হিসাব ডাটাবেসে সংরক্ষণ করার জন্য এই Data insert অপশনটি ব্যবহার করা হয়।

**6. Report wizard:** সংরক্ষিত মাসিক আয়ের হিসাবসমূহ বিভিন্নভাবে প্রয়োজন অনুসারে দ্রুততার সাথে সরবরাহ করার জন্য Report wizard টি ব্যবহৃত হয়।

**7. Return:** Monthly income management system of NINMAS and INMAS ডাটাবেসটির প্রথম অংশ অর্থাৎ Start option-এ ফিরে যেতে ব্যবহারকারীকে এই বাটনটি ব্যবহার করতে হবে।

**8. Close:** ডাটাবেসটি সরাসরি বন্ধ করার প্রয়োজন হলে এই বাটনটির মাধ্যমে তা সম্পন্ন করা যাবে।

## তথ্য সংযোজন [ Data Insert ]:





[ Image - 4 ]

**9. List Box:** নিনমাস এবং সকল ইনমাসসমূহের নামের তালিকা এখানে [List Box-এ] দেয়া আছে। ডান পাশের "তীর" চিহ্নতে ক্লিক করলে সকল প্রতিষ্ঠানের নামের একটি লিস্ট বা তালিকা পাওয়া যাবে। ব্যবহারকারী সেখান থেকে তার প্রয়োজনমতো প্রতিষ্ঠানের নাম সিলেক্ট করে নিয়ে প্রয়োজনী তথ্য বা ডাটা সংযোজন করতে পারবেন। [ Image - 4 ]


**10. Add Record:** নিনমাস এবং ইনমাসসমূহের আয়ের হিসাব সংযোজনের জন্য প্রথমেই ব্যবহারকারীকে এই বাটনে চাপ দিয়ে নিতে হবে এবং একটি প্রতিষ্ঠানের সকল তথ্য সংযোজন করা শেষ হয়ে গেলে **Save** বাট চাপ দিতে হবে। পরবর্তী পর্যায়ে নতুন তথ্য ইনপুট দেওয়ার প্রয়োজন হলে ব্যবহারকারীকে পূণরায় Add Record বাটনে চাপ দিয়ে নিতে হবে। [ Image - 4 ]

**11. Record Edit Area:** তথ্য সংযোজন করার ক্ষেত্রে কোনো কারণবশত: ভুল হয়ে গেলে সেটি সংশোধন করার ব্যবস্থা এখানে রাখা হয়েছে। এ অবস্থায় একজন ব্যবহারকারীকে Record Edit Area অংশের Record Edit by.. অপশনে গিয়ে Month এবং Year সিলেক্ট করে Enter বাটনে প্রেস করতে হবে। [ Image - 5 ]

**12. Reset:** মাসের নাম এবং বছর নতুন করে সংযোজন করার প্রয়োজন হলে Reset বাটনে চাপ দিয়ে তা সম্পন্ন করা যাবে । [ Image - 5 ]





[ Image - 5 ]




[ Image - 6 ]


**13. Data edit:** Record Edit Area অপশনের Month এবং Year নির্ধারণ করার পর Enter বাটনে প্রেস করলে Record Edit উইন্ডোটি ওপেন হবে [ Image - 6 ] । ব্যবহারকারী এখানে তার পূর্বে সংযোজিত ভুল তথ্যগুলি দেখতে পারবেন এবং প্রয়োজন অনুসারে সংশোধন করতে পারবেন । অবশেষে **Close** বাটনের মাধ্যমে পূণরায় Data Insert উইন্ডোতে ফিরে আসবেন।

## রিপোর্ট উইজার্ড:




[ Image - 7 ]

## রিপোর্ট গ্রহণ [ Report Collection ]:




[ Image - 7 ]


রিপোর্ট প্রদানের উদ্দেশ্যে ব্যবহারকারী যখন সূচী অংশের Report wizard বাটনে ক্লিক করবেন তখন উপরের চিত্রের ন্যায় একটি উইন্ডো প্রদর্শিত হবে [ Image - 7 ] । এই Report wizard থেকে ব্যবহারকারী মোট ৮ (আট) প্রকার ভাবে রিপোর্ট প্রিন্ট/সংগ্রহ করতে পারবেন। যেমন:

1. Institute Name wise
2. 1 or More Periodic
3. Inst. Name and with Date
4. Inst. Name and with Period
5. Inst. Name and with Year
6. Inst. Name with Month and Year
7. Single Periodic
8. Year wise

### Click to blank refresh:

উল্লেখিত ৮ প্রকার রিপোর্ট অংশে ফিল্ডগুলোতে নির্ধারণকৃত প্রতিষ্ঠানের নাম, মাস, বছর ইত্যাদি মুছে ফেলা বা পূণ:নির্ধারণের জন্য ফাঁকা অংশে একবার ক্লিক করলে তা মুছে যাবে এবং পূণরায় মানসমূহ নির্ধারণের জন্য ফিল্ড বা ঘরগুলো উপযোগী হবে।

## রিপোর্ট ধরণ [ Sample Report ]:




[ Image - 8 ]

পূর্বে উল্লেখিত ৮ প্রকার রিপোর্টর এটি একটি নমুনা রিপোর্ট [Image - 8] । ব্যবহারকারী প্রয়োজন অনুসারে যেকোনো প্রকার রিপোর্ট প্রিন্ট আকারে গ্রহণ করার পাশাপাশি word এবং pdf আকারেও তা পবের্তন (convert) করে সংগ্রহ করতে পারবেন ।

**14. Back Button:** পরিশেষে Back Button বাটনের মাধ্যমে ব্যবহারকারী পূণরায় Report wizard উইন্ডোতে ফিরে আসবেন। সকল কার্যক্রম সম্পন্ন করার পর ব্যবহারকারী পর্যায়ক্রমে এই "*মাসিক আয় ব্যবস্থাপনা পদ্ধতি*" ডাটাবেস থেকে বের হয়ে আসবেন।

## উপসংহার (Conclusion):

Monthly income management system of NINMAS and INMAS ডাটাবেস তৈরি এবং ব্যবহারের ক্ষেত্রে বিশেষ কোনো কম্পিউটার প্রয়োজন নেই। অফিসের বিদ্যমান কম্পিউটার দিয়েই এই ডাটাবেসটি ( উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন) পরিচালনা করা সম্ভব । এটি বাস্তবায়নে অতিরিক্ত কোনো অর্থের প্রয়োজন নাই। আরও উল্লেখ্য যে, কম্পিউটার ব্যবহারে মোটামুটি জ্ঞান আছে এরকম ব্যক্তিবর্গদের উপযোগী করে এই ধারণাটি বাস্তবায়ন করার চেষ্টা করা হয়েছে। এক কথায় বলা যায় জীববিজ্ঞান বিভাগ, বাপশক কর্তৃক বিদ্যমান রিপোর্ট সরবরাহ ব্যবস্থাকে খুব অল্প সময়ে নামমাত্র খরচে (বিদ্যমান প্রিন্টার ও কাগজ ব্যবহারের খরচ) চাহিদা মাফিক সহজে এবং নির্ভুলভাবে রিপোর্ট সরবরাহ করাই এই উদ্যোগের মূল লক্ষ্য ।